গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশা:২৪৮/২০১৭/ ৪২৬৮ — তারিখ: ২১ সেপ্টেম্বর ২০১৭

বিষয়: ১৬০ তম কমিশন সভার কার্যবিবরণী।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৬০তম কমিশন সভা ২০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট "ক"।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৬০/১ | আলোচ্য বিষয়: ১৫৯তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br><br>সিদ্ধান্ত : ১৫৯তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৬০/২ | আলোচ্য বিষয়: ১৫৯তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br><br>সিদ্ধান্ত: ১৫৯তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| ১৬০/৩ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ৫(পাঁচ) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br>সিদ্ধান্ত : দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৫(পাঁচ) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ২৪০২ কি:ও:ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ (তিন)বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. ভি-টেক ফ্যাশন (প্রা.) লিমিটেড[৩২/৫, ইশা খান রোড; নারায়ণগঞ্জ] এর অনুকূলে ১১৩ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>২. এইচএসকে বিডি[কামতাল, বারপাড়া, বন্দর, নারায়ণগঞ্জ]এর অনুকূলে ৫২০ কি:ও: [১২০ + ৪০০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br><br>৩. বার্ডস এ এন্ড জেড লিমিটেড [গড়াই, মমিননগর, মির্জাপুর, টাঙ্গাইল] এর অনুকূলে ৭০১ কি:ও: [৮৪ + ৫৩২ + ৮৫] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৪. এপিক গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং কোং লিমিটেড (ইউনিট-২) [এসএফবি#০৮, ঢাকা ইপিজেড (এক্সটেনশন এরিয়া), গণকবাড়ি, সাভার, ঢাকা, বাংলাদেশ] এর অনুকূলে ৫০৮ কি:ও: [৪০০ + ১০৮] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br><br>৫. ইটাকল বাংলাদেশ লিমিটেড[প্লট নং: ২৭৯ (এক্সটেনশন এরিয়া), ডিইপিজেড, সাভার, ঢাকা] এর অনুকূলে ৫৬০ কি:ও: [২৮০ + ২৮০] (গ্যাস ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা। | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| ১৬০/৪ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ১(এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত : দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ৬৬৪ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. ট্রাউজার লাইন লিমিটেড [ঘোষবাগ (ইটখোলা বাস স্ট্যান্ড), তৈয়বপুর, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৪৬৪ কি:ও: [৪০০+ ৬৪] হতে ২০০ কি:ও: বৃদ্ধিপূর্বক ৬৬৪ কি:ও: [৪০০+ ৬৪ + ২০০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ১,০০০/- (এক হাজার) টাকা, মেয়াদ: ২০/১০/২০১৬ হতে ১৯/১০/২০১৯। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬০/৫ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩৩ (তেত্রিশ)টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার অনুমোদন সম্পর্কে।<br><br>আলোচনা: বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩৩ (তেত্রিশ)টি প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক কাগজপত্র ঘাটতি পাওয়া যায়। এ সকল প্রতিষ্ঠানসমূহকে ২০১৭ সালের আগস্ট ও মে মাসে পত্র জারীর ১৫ দিনের মধ্যে যাচিত ঘাটতি কাগজপত্র/তথ্যাদি দাখিল না করা হলে তাদের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ বাতিল করা হবে মর্মে প্রতিষ্ঠানসমূহ বরাবর পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি উক্ত প্রতিষ্ঠানসমূহ কমিশনে কাগজপত্র/তথ্যাদি দাখিল করেনি।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) সভায় উপস্থাপিত ৩৩ (তেত্রিশ)টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহ নথিভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয় (পরিশিষ্ট-খ);<br><br>(খ) নথিভুক্ত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদনসমূহের তালিকা প্রণয়ন করে পরবর্তী সময়ে তাদের নতুন করে আবেদন করার জন্য অনুরোধ জানাতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬০/৬ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ২ (দুই)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত : লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ২(দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে ১ (এক) বছর মেয়াদে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির মোট ২.১৩৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সাময়িক লাইসেন্স অনুমোদন করা হয়:<br><br>১. ইন্টারন্যাশনাল ক্লাসিক কম্পোজিট লিমিটেড, নাওজোড়, কড্ডা, জয়দেবপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ নাওজোড়, কড্ডা, জয়দেবপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.১২২ মেগাওয়াট [১০৩০ কি.ও. (গ্যাস) + ৯২ কি.ও.(ডিজেল)]।<br><br>২.দ্যাট'স ইট নীট লিমিটেড, ৩৮৭, দক্ষিণ তেজগাঁও শি/এ, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থান:৫৯, দক্ষিণ পানিশাইল, জিরানি বাজার, কাশিমপুর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা:১.০১২ মে:ও: [৪৪০ কি:ও:(ডিজেল) + ৫৭২ কি:ও:(ডিজেল)]; | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬০/৭ | আলোচ্য বিষয়: বিদ্যুৎ উৎপাদনের জন্য ২(দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সংশোধিত লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত : নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির নিম্নোক্ত ২ (দুই) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৭.৬৩৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স লাইসেন্স অনুমোদন করা হয়: | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ১. সামসুদ্দিন স্পিনিং মিলস লিমিটেড, ডেলটা লাইফ টাওয়ার (৬ষ্ঠ তলা), হাউজ নং-৩৭, রোড নং-৯০, গুলশান নর্থ বাণিজ্যিক এলাকা, গুলশান-২, ঢাকা-১২১৫;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ শফিপুর, কালিয়াকৈর, গাজীপুর;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৪.০ মেগাওয়াট (গ্যাস ভিত্তিক)।<br><br>২. এগিক গার্মেন্টস ম্যানুফ্যাচারিং কোম্পানি লিমিটেড, হাউজ নং-১৭, রোড নং-১৫, রবীন্দ্র সরণী, সেক্টর-০৩, উত্তরা, ঢাকা- ১২৩০;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থান: প্লট ১১-২২, ২৬-৩৪, আদমজী ইপিজেড, আদমজী নগর, নারায়ণগঞ্জ;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৩.৬৩৪ মেগাওয়াট [১১৬৪ কি.ও. (গ্যাস) + ১০৩০ কিঃওঃ (ডিজেল) + ৬০০ কিঃওঃ (ডিজেল) +৪৪০ কিঃওঃ (ডিজেল) + ৪০০ কিঃওঃ (ডিজেল)]। | |
| ১৬০/৮ | **আলোচ্য বিষয়:** Dhaka Northern Power Generations Ltd. এর অনুকূলে এইচএফও ভিত্তিক ৫৫ মে:ও: ক্ষমতার আইপিপি ক্যাটাগরির বিদ্যুৎ উৎপাদনের সাময়িক লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** Dhaka Northern Power Generations Ltd, ফোর্ট নগর, সিঙ্গাইর, মানিকগঞ্জ এর অনুকূলে আইপিপি ক্যাটাগরির এইচএফও ভিত্তিক ৫৫ মেঃওঃ ক্ষমতার বিদ্যুৎ উৎপাদনের জন্য বাণিজ্যিক পরিচালনের তারিখ (COD) ১৭ আগষ্ট, ২০১৬ হতে ১৭ আগষ্ট, ২০১৭ পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে সাময়িক লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬০/৯ | **আলোচ্য বিষয়:** ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড-এর অনুকূলে প্রদত্ত পিএসপিজিসি ক্যাটাগরির বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স ২১৬ মে:ও: ক্ষমতার পরিবর্তে ৪১২ মে: ও: বৃদ্ধিপূর্বক ৬২২ মে:ও: (২১০+৪১২) ক্ষমতার ২ (দুই) বছরের জন্য (১২/১২/২০১৬ হতে ১১/১২/২০১৮ পর্যন্ত) নবায়নপূর্বক সংশোধিত লাইসেন্স প্রদান সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড, সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ এর অনুকূলে প্রদত্ত ২১৬ মে:ও: ক্ষমতার পরিবর্তে ২১০ মে:ও: এবং ৪১২ মে:ও: ক্ষমতা বৃদ্ধিপূর্বক ৬২২ (২১০ + ৪১২) মে:ও: ক্ষমতার পিএসপিজিসি (পাবলিক সেক্টর পাওয়ার জেনারেশন কোম্পানী বাংলাদেশ) ক্যাটাগরির বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স ২ (দুই) বছরের জন্য (১২/১২/২০১৬ হতে ১১/১২/২০১৮ পর্যন্ত) নবায়ন করে সংশোধিত লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৬০/১০ | **আলোচ্য বিষয়:** 'এম. এম. বিল্ডার্স এন্ড ইঞ্জিনিয়ার্স লি: (সিএনজি)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br>**সিদ্ধান্ত :** 'এম. এম. বিল্ডার্স এন্ড ইঞ্জিনিয়ার্স লি: (সিএনজি)' (ঢাকা-টাঙ্গাইল-আশুলিয়া রোড, আব্দুল্লাহপুর, উত্তরা, ঢাকা)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| ১৬০/১১ | **আলোচ্য বিষয়:** 'মেসার্স দিবা-রাত্রি সিএনজি ফিলিং স্টেশন'-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br>**সিদ্ধান্ত:** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে লাইসেন্স ফিস বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ও এ সংক্রান্ত অঙ্গীকারনামা দাখিল করায় 'মেসার্স দিবা-রাত্রি সিএনজি ফিলিং স্টেশন' (চন্ডীপুল, মৌলভিবাজার রোড, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০) -এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয় । বিষয়টি পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ১৬০/১২ | **আলোচ্য বিষয়:** 'নিটল গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লি:'-এর অনুকূলে সিএনজি মজুদকরণ এবং বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান সম্পর্কে।<br>**সিদ্ধান্ত:** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে লাইসেন্স ফিস বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ও এ সংক্রান্ত অঙ্গীকারনামা দাখিল করায় 'নিটল গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লি:' (ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক, রাবনা বাইপাস, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয় । | পরিচালক (গ্যাস) |

| | | |
|---|---|---|
| ১৬০/১৩ | **আলোচ্য বিষয়:** 'জামান ফিলিং স্টেশন লি:'-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত মেয়াদউত্তীর্ণ লাইসেন্স নবায়ন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, 'জামান ফিলিং স্টেশন লি:' -এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত লাইসেন্সের মেয়াদ ২০/১০/২০১০ তারিখে উত্তীর্ণ হয়েছে। ৭ বছরের জন্য (২১/১০/২০১০ হতে ২০/১০/২০১৭ পর্যন্ত) লাইসেন্স নবায়নে প্রতিষ্ঠানটির কাছে লাইসেন্স ফিস বাবদ প্রাপ্য ৬,৪০,০০০/-(ছয় লক্ষ চল্লিশ হাজার) টাকার মধ্যে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা জমা দিয়েছে এবং বকেয়া ৩,৪০,০০০/-(তিন লক্ষ চল্লিশ হাজার) টাকা প্রতি ৩ মাস অন্তর ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা করে কিস্তিতে পরিশোধের জন্য প্রতিষ্ঠানটি প্রস্তাব করেছে।<br><br>**সিদ্ধান্ত:** : মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে বকেয়া লাইসেন্স ফিস বাবদ ৩,৪০,০০০/-(তিন লক্ষ চল্লিশ হাজার) টাকা প্রতি ৩ মাস অন্তর ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা কিস্তিতে পরিশোধের শর্তে 'জামান ফিলিং স্টেশন লি:' (এফ-৫, মেরুল বাড্ডা, ঢাকা)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত লাইসেন্সের মেয়াদ ৭ (সাত) বছরের জন্য (২১/১০/২০১০ হতে ২০/১০/২০১৭ পর্যন্ত মেয়াদে) নবায়নের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচা… (গ্যা…) |
| ১৬০/১৪ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ১(এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত সাময়িক লাইসেন্সের মেয়াদ বৃদ্ধির অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য নিম্নবর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত সাময়িক লাইসেন্সের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করা হয়:<br><br>১. সাহারা এন্টারপ্রাইজ, এবি দাশ লেন, চেয়ারম্যান ঘাট, ফিরিঙ্গি বাজার, চট্টগ্রাম;<br>প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগারের ঠিকানা: ওয়ার্ড নং-৪১, দক্ষিন পতেঙ্গা, চট্টগ্রাম;<br>বার্ষিক চাহিদা: Bitumen(60/70,80/100,85/100)1,100 M.T.<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;<br>বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;<br>মেয়াদ: ২২/০৩/২০১৭ হতে ২১/০৩/২০১৮ পর্যন্ত। | পরিচালন… (পেট্রোলিয়া…) |
| ১৬০/১৫ | **আলোচ্য বিষয়:** কমিশনের নিজস্ব কর্মকর্তা-কর্মচারীদের ২০১৬-১৭ অর্থবছরে প্রদত্ত চাঁদা এবং এর ওপর প্রযোজ্য সুদের অর্থ কমিশনের মূল এসএনডি এ্যাকাউন্ট নং ০১১৭২০৩০০০২১৬ হতে 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল' বা BERC General Provident Fund নামক এ্যাকাউন্ট নং ০১১৭২০৩০০০২১৭-এ স্থানান্তরের অনুমোদন সম্পর্কে।<br><br>আলোচনা: সভায় জানানো হয় যে, কমিশনের নিজস্ব প্রত্যেক কর্মকর্তা-কর্মচারী তাদের মাসিক বেতন হতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্মচারী প্রবিধানমালা, ২০০৮ এর প্রবিধান-৫৪ মোতাবেক সময়ে সময়ে সরকার কর্তৃক নির্ধারিত হারে চাঁদা প্রদান করে, যা কমিশনের মূল এসএনডি এ্যাকাউন্টে সঞ্চিত থাকে। কমিশনের অর্থ ও হিসাব অনুবিভাগ সংশ্লিষ্ট অর্থবছর শেষে জমাকৃত চাঁদা সুদসহ হিসাব করে।<br><br>১০০তম কমিশন সভার (১৭ ফেব্রুয়ারি ২০১৪) সিদ্ধান্তের আলোকে ১২ আগস্ট ২০১৪ তারিখে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্মচারী প্রবিধানমালা, ২০০৮ এর প্রবিধান-৫৪ অনুযায়ী বিইআরসি'র নিজস্ব কর্মকর্তা-কর্মচারীদের জন্য ''বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্মচারী সাধারণ ভবিষ্যৎ তহবিল'' নামে একটি তহবিল গঠন ও পরিচালনার লক্ষ্যে এতদুদ্দেশ্যে একটি ট্রাস্টি বোর্ড গঠন করা হয়।<br><br>ট্রাস্টি বোর্ড ''বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্মচারী সাধারণ ভবিষ্যৎ তহবিল'' পরিচালনার জন্য ২৭ জুলাই ২০১৬ তারিখে সোনালী ব্যাংক, কারওয়ান বাজার শাখায় BERC General Provident Fund নামে এসএনডি এ্যাকাউন্ট খোলে, যার নং ০১১৭২০৩০০০২১৭। | |

অর্থ ও হিসাব অনুবিভাগ এ পর্যন্ত BERC General Provident Fund এ দুইবার অর্থ স্থানান্তর করেছে, যার বিবরণ নিম্নরূপ:

| তারিখ | অর্থবছর | আসল (প্রাপ্ত চাঁদা) | ক্রমপুঞ্জিভুত সুদ | সর্বমোট |
|---|---|---|---|---|
| ১০ আগস্ট ২০১৬ | শুরু হতে জুন ২০১৫ পর্যন্ত | ১৯,৭৪,৫৪০/- | ৪,৮৬,৮১৩/- | ২৪,৬১,৩৫৩/- |
| ১২ ডিসেম্বর ২০১৬ | ২০১৫-১৬ | ৯,১৩,১০০/- | ৩,২৭,৬৯১/- | ১২,৪০,৭৯১/- |
| | মোট | ২৮,৮৭,৬৪০ | ৮,১৪,৫০৪/- | ৩৭,০২,১৪৪/- |

২০১৬-১৭অর্থবছরে কমিশনের ৪৮জন নিজস্ব কর্মকর্তা-কর্মচারী মোট ১৪,৫২,৬০০/-(চৌদ্দ লক্ষ বায়ান্ন) টাকা চাঁদা প্রদান করেছে (মূল বেতনের ৫%-২৫% নির্ধারিত) এবং জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত সুদের পরিমাণ ৫,২৬,১১৩/-(পাঁচ লক্ষ ছাব্বিশ হাজার একশত তের) টাকা(১৩% হারে)। ক্রমপুঞ্জিভূত সুদের অর্থ ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে কর্মচারীদের ভবিষৎ তহবিল, পেনশন এবং গ্রাচুইটি খাতে বরাদ্দকৃত ৪৭,০০,০০০/-(সাতচল্লিশ লক্ষ) টাকা হতে সঙ্কুলান করা যাবে।

২০১৬-১৭ অর্থবছরের সাধারণ ভবিষ্য তহবিলের সুদসহ অর্থ ১৯,৭৮,৭১৩/-(উনিশ লক্ষ আটাত্তর হাজার সাতশত তের) টাকা কমিশনের মূল এসএনডি এ্যাকাউন্ট নং ০১১৭২০৩০০০২১৬ হতে BERC General Provident Fund নামক এসএনডি এ্যাকাউন্ট নং ০১১৭২০৩০০০২১৭-এ স্থানান্তেরর বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:**

(ক) ২০১৬-১৭ অর্থবছরের সাধারণ ভবিষ্য তহবিলের সুদসহ অর্থ ১৯,৭৮,৭১৩/-(উনিশ লক্ষ আটাত্তর হাজার সাতশত তের) টাকা কমিশনের মূল এসএনডি এ্যাকাউন্ট নং ০১১৭২০৩০০০২১৬ হতে BERC General Provident Fund নামক এসএনডি এ্যাকাউন্ট নং ০১১৭২০৩০০০২১৭-এ স্থানান্তেরর প্রস্তাব অনুমোদন করা হয়;

(খ) প্রতি অর্থবছর শেষে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে তাঁর সাধারণ ভবিষ্য তহবিলের স্থিতির বিবরণী প্রদান করতে হবে।

পরিচালক (অর্থ ও হিসাব)

৩। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)
সদস্য

(মোঃ আবদুল আজিজ খান)
সদস্য

(মাহমুদউল হক ভূঁইয়া)
সদস্য

(রহমান মুরশেদ)
সদস্য

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ ৪৯৮৮ তারিখ: ২১ সেপ্টেম্বর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য)।

২১.০৯.১৭

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫

পরিশিষ্ট -খ

নিম্নোক্ত ৩৩ (তেতত্রিশ)টি প্রতিষ্ঠানের লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের আবেদন নথিভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয় (সিএম/১৬০/৫):

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | জেনারেটরের অবস্থান | নথি নং | আবেদন দাখিলের তারিখ | পত্র পেরণের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | কোষ্টাল সীফুডস লিমিটেড | বি-১১-১২, বিসিক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, সাগরিকা রোড, চট্টগ্রাম-৪২১৯। | ০৫৮৭ | ২৭/০৪/২০০৯ | ০৮/০৮/২০১৭ |
| ২. | মক্কা অটো পেপার কোন প্রোডাক্ট | ৩৬, কাউন্সিল রোড, মাতুয়াইল, ডেমরা রোড, ঢাকা। | ০৬৪৪ | ৩০/০৪/২০০৯ | ১৩/০৮/২০১৭ |
| ৩. | রুবিয়া অক্সিজেন লিমিটেড | জাহানাবাদ কেশবপুর, কদমরসুল, সীতাকুন্ড, চট্টগ্রাম। | ০৭৫৪ | ২২/০৬/২০০৯ | ২২/০৮/২০১৭ |
| ৪. | তানিয়া টেক্সটাইল লিমিটেড | মউলা বাজার, ধর্মগঞ্জ, পঞ্চবটি, ফতুল্লা, নারায়নগঞ্জ। | ০৩৬৬ | ২৩/০৩/২০০৯ | ২২/০৮/২০১৭ |
| ৫. | রোজিনা এন্টারপ্রাইজ | ১৫/ডি, গাবতলী, মিরপুর, ঢাকা। | ০৩৬৫ | ২২/০৩/২০০৯ | ২২/০৮/২০১৭ |
| ৬. | হোম টেক্সটাইলস লিমিটেড | পূর্ব চন্দ্রা, শফিপুর, গাজীপুর। | ০৬৫৯ | ৩০/০৪/২০০৯ | ২২/০৮/২০১৭ |
| ৭. | হরিজন প্লাস্টিক ইন্ডাঃ লিমিটেড | বড় আশুলিয়া, আশুলিয়া, সাভার, ঢাকা। | ০৫৫৫ | ২৩/০৪/২০০৯ | ২২/০৮/২০১৭ |
| ৮. | এস. আহমেদ ফাউন্ডেশন সিএনজি এন্ড ফিলিং ষ্টেশন | ৩৩১/১, জুরাইন মাজার গেট, শ্যামপুর, ঢাকা- ১২০৪। | ০৬৮২ | ১১/০৫/২০০৯ | ২২/০৮/২০১৭ |
| ৯. | রেনুকা ফ্যাশন এন্ড এমব্রয়ডারী | ৪৮, মোহাম্মদনগর, কামরাঙ্গীরচর, ঢাকা-১৩১০। | ০৩৪৭ | ১৭/০৩/২০০৯ | ২৩/০৮/২০১৭ |
| ১০. | রুমি ফিলিং এন্ড সিএনজি ষ্টেশন | মহাদেবপুর, শিবালয়, মানিকগঞ্জ। | ০৪৩০ | ০৫/০৪/২০০৯ | ২৩/০৮/২০১৭ |
| ১১. | রহিম আফরোজ সিএনজি লিমিটেড | আজাদ চেম্বার, ১৩ মহাখালী বা/এ, ঢাকা- ১২১২। | ০৯৯৩ | ০১/১২/২০০৯ | ২৩/০৮/২০১৭ |
| ১২. | এস.এ ট্রেডার্স | প্লট নংঃ ১২৪২২, খতিয়ান নংঃ ৩২৭০, মৌজাঃ ৬, রাথুনা, গ্রামঃ ইন্দুপুর, ডাকঘরঃ ভবানীপুর, গাজীপুর। | ০৬৬৪ | ০৩/০৫/২০০৯ | ২৩/০৮/২০১৭ |
| ১৩. | সান-ইয়াড পলি ভিনাইল ইন্ডাষ্ট্রিজ লিমিটেড | সালনা, পোড়াবাড়ী, জয়দেবপুর, গাজীপুর। | ০৪৬৫ | ০৯/০৪/২০০৯ | ২৩/০৮/২০১৭ |
| ১৪. | শামীম এন্টারপ্রাইজ (প্রাঃ) লিমিটেড | বাইমাইল, ডাকঘরঃ কাশেম কটন মিল, গাজীপুর। | ০৯১৩ | ১১/১০/২০০৯ | ২৩/০৮/২০১৭ |
| ১৫. | সালেহা ফিলিং এন্ড সার্ভিস লিমিটেড | কাজীরগাঁও, মাতুয়াইল, ডেমরা, ঢাকা। | ০৮০৬ | ১৫/০৭/২০০৯ | ২৭/০৮/২০১৭ |
| ১৬. | স্পেশাল টেক্সটাইল মিলস | আনন্দী, মাধবদী, নরসিংদী। | ০৭৪২ | ১১/০৬/২০০৯ | ২৭/০৮/২০১৭ |
| ১৭. | স্টার সিএনজি ফিলিং স্টেশন লিমিটেড | ইয়ারদী, শিবপুর, নরসিংদী। | ০৪৯৬ | ১৬/০৪/২০০৯ | ২৭/০৮/২০১৭ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৮. | অরবিট প্রসেসিং মিলস (প্রাঃ) লিঃ | ভাদাম টঙ্গী, গাজীপুর। | ০৬৯৮ | ১৮/০৫/২০০৯ | ২৭/০৮/২০১৭ |
| ১৯. | ওশেনিয়া ফ্যাশন অ্যাপারেলস লিমিটেড | ১৭৭, দক্ষিণ খান, থানা-আজমপুর, উত্তরা, ঢাকা-১২৩০। | ০৪৫৫ | ০৮/০৪/২০০৯ | ২৭/০৮/২০১৭ |
| ২০. | প্যারাডাইস ফুড প্রডাক্টস লিঃ | বাগবাড়ি (শ্যামপুর), হেমায়েতপুর, সাভার, ঢাকা। | ০৭৩৮ | ১০/০৬/২০০৯ | ২৭/০৮/২০১৭ |
| ২১. | মেসার্স পিক অ্যাপারেলস লিমিটেড | ভোগড়া, জয়দেবপুর, গাজীপুর। | ০৩৫৫ | ২২/০৩/২০০৯ | ২৭/০৮/২০১৭ |
| ২২. | বাংলাদেশ লাগেজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড | কর্ণপাড়া, সাভার, ঢাকা। | ০৪৭৯ | ১৩/০৪/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ২৩. | ব্রাইট সোর্স লিমিটেড | ই-১৯, ৩য় কলোনী, মিরপুর, ঢাকা। | ০৪০৭ | ৩১/০৩/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ২৪. | বাংলাদেশ ডায়িং এন্ড ফিনিশিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ২/১, গেন্দা, কর্ণপাড়া, সাভার, ঢাকা। | ০৪৭৭ | ১৩/০৪/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ২৫. | আশুলিয়া সিএনজি এন্ড ফিলিং স্টেশন লিমিটেড | জিরাবো, আশুলিয়া, ঢাকা। | ০৪৫৪ | ০৮/০৪/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ২৬. | ডিভাইন টেক্সটাইল লিমিটেড | চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর। | ০৪১৮ | ০১/০৪/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ২৭. | ডিভাইন টেক্সটাইল লিমিটেড (ইউনিট-২) | চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর। | ০৪১৬ | ০১/০৪/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ২৮. | জিটিএ স্পোর্টস লিমিটেড | গোহাইল বাড়ি, জিরানী, সাভার, ঢাকা। | ০৪২৫ | ০২/০৪/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ২৯. | ইউনিম্যাক্স টেক্সটাইল মিলস লিমিটেড | শরীফপুর, পোঃ জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪। | ০৯৭০ | ০২/১১/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ৩০. | মিথিলা টেক্সটাইল ইন্ডাস্ট্রি | খানপাড়া, দুপতারা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। | ০২৭৮ | ২৪/০২/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ৩১. | সাদেক পেপার এন্ড বোর্ড মিলস লিমিটেড | শফিপুর, কালিয়াকৈর, গাজীপুর। | ০৫৮৩ | ২৭/০৪/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ৩২. | সোহেল স্পিনিং মিলস লিমিটেড | সদাসদী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। | ০২৭৬ | ২৩/০২/২০০৯ | ২৮/০৮/২০১৭ |
| ৩৩. | মেসার্স পূর্বাচল পেপার মিলস লিমিটেড | আতলাসপুর, মাসুমাবাদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | ০৫৬০ | ২৬/০৪/২০০৯ | ২৮/০৮/২০১৭ |